# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

১) বিশ্ব বরেণ্য শিল্পী ডক্টর ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকীতে কৃতজ্ঞ আসামবাসীর আজ সুধাকণ্ঠকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ । বরাক উপত্যকায়ও যথাযোগ্য মর্যাদায় শিল্পীকে স্মরণ ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৭ সেপ্টেম্বর সুস্থ নারী শক্তি পরিবার অভিযানের সূচনা ।

৩) আসামে বছরে গড়ে ৭ হাজারটি দুর্ঘটনায় ৩ হাজার জনের প্রাণহানি হয় বলে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রনালয়ের প্রকাশ ।

এবং

৪) আজ আর্ন্তজাতিক সাক্ষরতা দিবস ।

---

বিশ্ববরেণ্য শিল্পী ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকীতে কৃতজ্ঞ আসামবাসী আজ সুধাকণ্ঠকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে । মানবতা ও সমন্বয়ের বার্তা দিয়ে বিশ্বের বুকে ছাপ রেখে যাওয়া গণশিল্পী ডঃ হাজারিকার জন্মদিনে আজ সমগ্র রাজ্যে তাঁকে শ্রদ্ধা জানানো হয়েছে । আসাম সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে আজ ঝালুকবাড়ীর ভূপেন হাজারিকা সমন্বয় তীর্থে স্মৃতি তর্পণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সুধাকণ্ঠের জন্ম শতবার্ষিকীর উদ্বোধন করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য এবং মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে ডঃ ভূপেন হাজারিকার গানগুলি যথার্থ অর্থে সমাজের নিপীড়িত লোকেদের আশা আকাঙ্খা এবং সাধারণ মানুষের স্বপ্নের বাহক

ছিল বলে উল্লেখ করেছেন । মানবিক মূল্যবোধের বিশাল প্রতিষ্ঠান সদৃশ ব্যক্তি ভূপেন হাজারিকা তাঁর কর্মরাজীর মাধ্যমে আসামকে বিশ্বের দরবারে নিয়ে গিয়ে নতুন পরিচয় গড়ে তুলেছেন বলে মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আগামী ১৩ই অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে রাজ্যবাসী পুনরায় সুধাকণ্ঠের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন বলে উল্লেখ করেন । এই অনুষ্ঠানে শ্রী মোদী ডঃ হাজারিকার স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন বলে জানিয়েছেন । এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বরেণ্য শিল্পীর প্রতি শ্রদ্ধা জানিয়ে ভারতীয় রিজার্ভ ব্যাংকের প্রস্তুত করা একটি বিশেষ মুদ্রা এবং ডঃ হাজারিকার জীবন সম্বলিত একটি গ্রন্থের আনুষ্ঠানিক প্রকাশ করবেন বলে ডঃ শর্মা জানিয়েছেন । ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে অরুণাচল প্রদেশ, মেঘালয়, মুম্বাই এবং নতুন দিল্লিতে রাজ্যসরকার অনুষ্ঠানের আয়োজন করেছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ প্রবাদপ্রতিম শিল্পী ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী উদযাপনের অঙ্গ হিসেবে বছরব্যাপী কর্মসূচীর ধারাবাহিকতায় কাছাড় জেলাপ্রশাসনের উদ্যোগে শিলচর বঙ্গভবনে আজ এক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে । এদিকে শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ে  ঝালুকবাড়ীর ভূপেন হাজারিকা সমন্বয় তীর্থে আজ সকালে আয়োজিত স্মৃতি তর্পণ অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার প্রদর্শনের মাধ্যমে এই অনুষ্ঠানের সূচনা হয় । অনুষ্ঠানের অন্যান্য কার্যসূচীতে ছিল- প্রদীপ প্রজ্জ্বলন, পুষ্পার্ঘ অর্পণ,উদ্বোধনী সঙ্গীত ইত্যাদি । উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় তাঁর বক্তব্যে বলেন- ডঃ ভূপেন হাজারিকা তাঁর সৃষ্টিকর্মের মাধ্যমে বিশ্বজনীন ভ্রাতৃত্ববোধ জাগিয়ে তোলার প্রয়াস করেছেন । উধারবন্দের জগন্নাথ সিং কলেজের সাংস্কৃতিক কোষের উদ্যোগে আজ এই উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে কলেজের অধ্যাপকদের পক্ষ থেকে বরেণ্য শিল্পী ডঃ হাজারিকার জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়া ভূপেন্দ্র সঙ্গীত, তাঁর গানের সঙ্গে নৃত্য ইত্যাদির মাধ্যমে শিল্পীকে স্মরণ করা হয়েছে ।

শ্রীভূমি জেলায় আজ এই উপলক্ষে নানা কার্যসূচী পালন করা হয়েছে । শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আজ সকালে জেলার তথ্য ও জনসংযোগের স্থায়ী মাইকযোগে সুধাকণ্ঠের গান বাজানো হয় । পরে বেলা এগারোটায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিক, বিভাগীয় আধিকারিক ও কর্মকর্তারা ডঃ ভূপেন হাজারিকার প্রতিকৃতিতে প্রদীপ প্রজ্জ্বলন করে পুষ্পার্ঘ অর্পণ করেন । অনুরূপভাবে জেলার বিভিন্ন কার্যালয়, শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকেও ডঃ হাজারিকার প্রতি শ্রদ্ধা জানানো হয়

। এদিকে এই উপলক্ষে শ্রীভূমি জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সঙ্গীত, ক্যুইজ, রচনা ও অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয় । এবং কলেজগুলিতে এই সংক্রান্ত সেমিনার, আলোচনা সভার আয়োজন করা হয় । এছাড়া আজ সন্ধ্যায় শ্রীভূমি জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে জেলার সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে এবং শ্রীভূমি জেলা প্রশাসনের সহযোগিতায় 'শতবর্ষের সন্ধ্যা' শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

হাইলাকান্দি জেলার শ্রীকিষাণ সারদা কলেজে আজ ভারতরত্ন ডঃ ভুপেন হাজারিকার জন্মবার্ষিকী বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে উদযাপন করা হয়েছে । সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও ভূপেন হাজারিকার জীবন ও কর্মের উপর একটি সাংস্কৃতিক প্রদর্শনী এবং ক্যুইজ প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়েছে ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মূ পুনরায় ভারতকে বিশ্ব বাণিজ্য এবং জ্ঞানের কেন্দ্র হিসেবে গড়ে তুলতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন । রাষ্ট্রপতি নতুন দিল্লীতে অভিযান্ত্রিক রপ্তানি বিকাশ পরিষদ ( ই-ই-পি-সি )-র মহারজত জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে অংশ নিয়ে জনসাধারণের প্রতি এই আহ্বান জানান । তিনি ভারতীয় অর্থনীতিকে আত্মনির্ভর করে তোলার ওপর গুরুত্ব আরোপ করা সহ রপ্তানী ক্ষেত্রের উন্নয়ন সাধনের জন্য আহ্বান জানান । রাষ্ট্রপতি বলেন যে কোভিড অতিমারীর সময় আত্মনির্ভর ভারতের ভিত স্থাপন করা হয়েছিল এবং এই প্রক্রিয়া আজও সফলতার সঙ্গে অব্যাহত রয়েছে । তিনি বলেন যে সারা বিশ্বে যখন অর্থনৈতিক অবস্থা সংকটে পড়েছে তখনও ভারতীয় অর্থনীতিতে এর কোন নেতিবাচক প্রভাব পড়েনি এবং এটাই আত্মনির্ভর ভারতের সবচেয়ে বড় সফলতা ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ সেপ্টেম্বর সুস্থ নারী শক্তি পরিবার অভিযানের সূচনা করবেন । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ সামাজিক মাধ্যমে এই তথ্য জানিয়ে বলেছেন যে সমগ্র দেশে নারী এবং শিশুদের উন্নত মানের স্বাস্থ্য প্রদানের লক্ষ্যে এই অভিযান আরম্ভ করা হচ্ছে । তিনি জানান যে এই অভিযানের মাধ্যমে নারী এবং শিশুদের গুণগত মানের স্বাস্থ্য সেবা প্রদান এবং স্বাস্থ্য সম্পর্কে তাদের আরো বেশী সচেতন করে তোলার বিষয়টি নিশ্চিত করা হবে । তিনি আরো জানান যে দেশব্যাপী এই অভিযানের মাধ্যমে আয়ুষ্মান আরোগ্য মন্দির , কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র এবং অন্যান্য স্বাস্থ্য কেন্দ্র গুলিতে মোট ৭৫ হাজার স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে ।

---

কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রকাশ করা একটি প্রতিবেদন অনুসারে আসামে বছরে গড়ে সাত হাজারটি সড়ক দুর্ঘটনায় তিন হাজার জনের প্রাণহানি হয় । প্রতিবেদনে বলা হয়েছে যে- ২০১৯ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত রাজ্যে মোট ৩৪ হাজার ৮২০টি সড়ক দুর্ঘটনায় ১৫ হাজার ১৬৩ জন প্রাণ হারিয়েছেন । এসব দুর্ঘটনার অধিকাংশই দুই চাকার বাহনের সংঘর্ষের ফলে সংঘটিত হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে । এধরণের সড়ক দুর্ঘটনা রোধ করার জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রয়োজনীয় সচেতনতামূলক শিক্ষা, সড়ক নির্মাণের প্রযুক্তিগত কৌশল, জরুরিকালীন সেবা ইত্যাদির উন্নীতকরণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

আজ আর্ন্তজাতিক সাক্ষরতা দিবস । ১৯৬৬ সালের ২৬ অক্টোবর ইউনেস্কো এই দিবস পালন করার কথা ঘোষণা করেছিল এবং ১৯শো ৬৭ সালে প্রথমবার এই দিবস পালন শুরু করা হয়েছিল । ইউনেস্কোর সাক্ষরতা সম্পর্কীত বিশ্ব পর্যবেক্ষণ প্রতিবেদন অনুসারে বিশ্বের ৫ জন প্রাপ্ত বয়স্ক ব্যাক্তির মধ্যে এখনও ১ জন নিরক্ষর রয়েছেন এবং এর মধ্যে দুই তৃতীয়াংশ মহিলা রয়েছেন । ভারতেও আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে এই দিবস পালন করা হয়েছে । এই দিনের সঙ্গে সঙ্গতি রেখে শিক্ষা ক্ষেত্রের নীতি প্রণেতা , শিক্ষাবিদ  এবং জনসাধারণকে যুক্ত করে একটি শক্তিশালী সমাজ গড়ে তোলার প্রয়াস গ্রহণ করা হয়েছে । কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান সাক্ষরতা দিবস উপলক্ষে এক বার্তায় জনসাধারণের সবলীকরণের ক্ষেত্রে সাক্ষরতা মূল চাবিকাঠি বলে উল্লেখ করেন । জাতীয় শিক্ষানীতি ২০২০-র লক্ষ্যে উপনীত হওয়ার ক্ষেত্রে ULLAS পদক্ষেপের মাধ্যমে বিশেষ ভূমিকা গ্রহণ করা হয়েছে বলেও তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শ্রম ও নিয়োগ মন্ত্রনালয় দেশের যুব প্রজন্মের বিকাশ ও নিয়োগের সুবিধা বৃদ্ধির লক্ষ্যে আজ নতুন দিল্লীতে একটি বেসরকারী কোম্পানীর সঙ্গে সমঝতা চুক্তিতে সাক্ষর করেছে । কেন্দ্রীয় মন্ত্রী ডক্টর মনসুখ মন্ডাভিয়ার উপস্থিতিতে এই চুক্তিতে সাক্ষর করা হয় । এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে ডক্টর মান্ডাভিয়া একটি শক্তিশালী এবং আত্মনির্ভর ভারত গড়ার ক্ষেত্রে নিয়োগ সৃষ্টি এবং জীবিকার সুবিধা প্রদান দুটি গুরুত্বপূর্ণ স্তম্ভ বলে অভিহিত করেন । তিনি  এধরণের বেসরকারী কোম্পানীর সঙ্গে সমন্বয় রক্ষা করে গ্রহণ করা পদক্ষেপের ফলে বৃহৎ সংখ্যক নিয়োগ প্রত্যাশিদের সুবিধা প্রদান করা সহ দেশের কৃষি পরিকাঠামোকে আরো শক্তিশালী এবং সেবা ক্ষেত্রকে শক্তিশালী করে ভারতের অর্থনীতিকে সবল করে তোলা সম্ভব বলে

আশা প্রকাশ করেন । মন্ত্রী বলেন যে ৫১ লক্ষের অধিক যুবক-যুবতীর নাম পঞ্জীয়ন , ৪৬ লক্ষ শূন্য পদ সৃষ্টি এবং ২৮ লক্ষ আন্তর্জাতিক ক্ষেত্রের নিয়োগের সুবিধা প্রদানের মাধ্যমে জাতীয় কেরিয়ার সার্ভিস পোর্টাল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে শিলচর সৈনিক ভবনে প্রাক্তন সেনা , বীর নারী এবং তাদের পরিবারের সদস্যদের এবং বর্তমানে কর্মরত সেনাকর্মী ও তাদের পরিবারবর্গের জন্য সম্পূর্ণ বিনামূল্যে আইনী পরিষেবা প্রদানের উদ্দেশ্যে আজ থেকে একটি লিগেল সার্ভিসেস ক্লিনিক চালু করা হয়েছে । জেলা সৈনিক কল্যাণ আধিকারিকের পক্ষ থেকে আইনী পরিষেবা গ্রহণে ইচ্ছুক প্রাক্তন সেনা কর্মী , বীর নারী ও তাদের পরিবারের সদস্যদের আইনী পরিষেবা গ্রহণের জন্য প্রয়োজন সাপেক্ষে এই ক্লিনিকের প্যারা লিগ্যাল ভলান্টিয়ার্সদের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের উদ্যোগে আজ কলেজ প্রেক্ষাগৃহে কলা ও বানিজ্য বিভাগের কৃতি ছয় জন ছাত্র-ছাত্রীকে ঋষিকেশ শেফালিকণা স্মৃতি পুরষ্কার প্রদান করা হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরীর পৌরহিত্যে আয়োজিত আজকের পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে আসাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ডক্টর সুপ্রবীর দত্তরায় , সম্মানিত অতিথি হিসেবে আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডক্টর বেলা দাস এবং বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন কাছাড় জেলা সমিতির সভাপতি সঞ্জীব রায় প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের সাংস্কৃতিক সংগঠন সম্মিলিত লোক পরিষদের সাধারণ সভা গতকাল শিলচরে অনুষ্ঠিত হয়েছে । সভায় ডক্টর অনুপ কুমার রায়কে সভাপতি এবং মনোরঞ্জন মালাকারকে সাধারণ সম্পাদক মনোনীত করে সম্মিলিত লোক পরিষদের নতুন কমিটি গঠন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------